মার্কিন নাগরিকদের উদ্দেশে ইরানি প্রেসিডেন্টের খোলা চিঠি



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

মার্কিন জনগণের উদ্দেশে খোলা চিঠিতে নিজের অবস্থান তুলে ধরেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তিনি বলেন, ইরান কখনোই আগ্রাসন বা উপনিবেশবাদী নীতি অনুসরণ করেনি এবং আগে থেকে কোনো দেশকে আক্রমণও করেনি। তবে আক্রমণের মুখে সবসময়ই দৃঢ় প্রতিরোধ গড়ে তুলেছে দেশটি।

বুধবার (১ এপ্রিল) দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যম 'প্রেস টিভি'-তে প্রকাশিত ওই চিঠিতে পেজেশকিয়ান ইরানকে বিশ্বের অন্যতম প্রাচীন ও ধারাবাহিক সভ্যতা হিসেবে উল্লেখ করেন। একই সঙ্গে তিনি অভিযোগ করেন, ইরানকে 'নিরাপত্তা হুমকি' হিসেবে তুলে ধরা বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়; বরং এটি শক্তিধর রাষ্ট্রগুলোর রাজনৈতিক ও অর্থনৈতিক স্বার্থের প্রতিফলন।

চিঠিতে আরও বলা হয়, নিজেদের প্রভাব বজায় রাখা, সামরিক শক্তির আধিপত্য ধরে রাখা, অস্ত্রশিল্পকে সক্রিয় রাখা এবং গুরুত্বপূর্ণ বাজার নিয়ন্ত্রণের লক্ষ্যেই একটি 'শত্রু' তৈরি করা হয়। সেই প্রেক্ষাপটেই ইরানকে নেতিবাচকভাবে উপস্থাপন করা হচ্ছে।

ইরানি প্রেসিডেন্ট সতর্ক করে বলেন, ইরানের জ্বালানি, বিদ্যুৎ ও শিল্প অবকাঠামো কিংবা সাধারণ মানুষের ওপর হামলা আন্তর্জাতিক আইনের দৃষ্টিতে যুদ্ধাপরাধ হিসেবে গণ্য হবে। এ ধরনের পদক্ষেপের প্রভাব শুধু ইরান বা মধ্যপ্রাচ্যে সীমাবদ্ধ থাকবে না, বরং তা বিশ্বব্যাপী বিস্তৃত হতে পারে।